গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংবাদ বিজ্ঞপ্তি

**টাঙ্গাইল জেলার মোঃ কবির হোসেন প্রকৃত প্রান্তিক কৃষক**
**সরকারি নিয়মেই পেয়েছেন কৃষক কার্ড**

তারিখঃ ১৬ এপ্রিল ২০২৬

টাঙ্গাইল জেলার শহীদ মারুফ স্টেডিয়ামে ১৪ এপ্রিল ২০২৬ তারিখে সদর উপজেলার প্রান্তিক কৃষক কবির হোসেন প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছ থেকে 'কৃষক কার্ড' গ্রহণ করে তার অনুভূতি প্রকাশ করেছেন। **'কৃষক কার্ড'** গ্রহণের পর থেকে তার বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে কৃত্তিম বুদ্ধিমত্তা (এ আই) দ্বারা সৃষ্ট ডিপ ফেইক ছবি ব্যবহার করে জনমনে বিভ্রান্তি সৃষ্টিকারী নেতিবাচক তথ্য প্রচারিত হয়। বিষয়টি তৎক্ষণাৎ কৃষি মন্ত্রণালয়ের দৃষ্টিগোচরে আসে। মন্ত্রণালয়ের পরামর্শে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইং এর পরিচালক মো. ওবায়েদুর রহমান মন্ডলের নেতৃত্বে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ১৫ এপ্রিল ২০২৬ তারিখে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। কমিটিকে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য এক কর্মদিবস সময় দেওয়া হয়। টাঙ্গাইলের জেলা প্রশাসকও উক্ত বিষয়ে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন।

সরকারি নিয়মে তিন ধাপে যাচাই বাছাই করে কৃষক নির্ধারণ করা হয়েছে, যা উভয় কমিটির সরেজমিন তদন্তে প্রতীয়মান হয়। তদন্ত প্রতিবেদন দু'টিতে টাঙ্গাইল জেলার সদর উপজেলার ঘারিন্দা ইউনিয়নের সুরুজ কৃষি ব্লকের অন্তর্গত উত্তর তারাটিয়া গ্রামের বাসিন্দা কবির হোসেন, পিতাঃ মোঃ আবু সাইদ তালুকদার একজন প্রান্তিক কৃষক ও বর্গাচাষী হিসেবে প্রমাণিত হয়। তার নিজস্ব জমির পরিমাণ ১৩ শতাংশ এবং এ বছর তিনি বিভিন্ন ব্যক্তির কাছ থেকে ১৬০ শতক জমি বর্গা নিয়ে চাষাবাদ করেছেন।

**কবির হোসেন একজন প্রকৃত কৃষক এবং সরকারি নিয়ম অনুসরণ করেই তিনি 'কৃষক কার্ড' পেয়েছেন বলে তদন্ত কমিটি নিশ্চিত করেছে।**

সরকারের উন্নয়নমূলক যুগান্তকারী পদক্ষেপ 'কৃষক কার্ড' কার্যক্রমকে ব্যহত করার হীন উদ্দেশ্যে একটি গোষ্ঠী অপপ্রচার চালিয়েছে বলে মন্ত্রণালয় মনে করে। এ বিষয়ে সর্বস্তরের জনসাধারণকে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৬/০৪/২০২৬

মোহাম্মদ জাকির হোসেন
সিনিয়র তথ্য অফিসার
কৃষি মন্ত্রণালয়
ফোনঃ ২২২০৩৯০১৮৩

CamScanner